জাতীয় বিশ্ববিদ্যালয়
গাজীপুর-১৭০৪

স্মারক নং ঃ জাতীঃবিঃ/পনি/মাফা/৯০/২০০২/৩৭৯ তারিখ ঃ ২৮শে অগ্রহায়ন ১৪২২ বঙ্গাব্দ
১২ই ডিসেম্বর ২০১৬ খ্রিস্টাব্দ

সংশোধিত বিজ্ঞপ্তি

সংশ্লিষ্ট সকলকে জানানো যাচ্ছে যে, জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধীনে ২০১৩-২০১৪ শিক্ষাবর্ষের ২০১৪ সালের এমএ/এমএসএস/এমবিএ/এমএসসি/এম মিউজ শেষ পর্ব (আইসিটি সহ) পরীক্ষার আবেদন ফরম পূরণ সংক্রান্ত যাবতীয় কার্যক্রম অন-লাইনে সম্পন্ন করার সিদ্ধান্ত গৃহীত হয়েছে। পরীক্ষার আবেদন ফরম, বিবরণী ফরম পূরণ ও জমাদানের তারিখসহ নিয়মাবলী নিম্নে প্রদত্ত হলো। পরীক্ষার বিস্তারিত সময়সূচী এবং অন্যান্য যাবতীয় তথ্য বিশ্ববিদ্যালয়ের ওয়েব সাইটে পরে জানানো হবে।

জাতীয় বিশ্ববিদ্যালয়ের মাস্টার্স শেষ পর্ব পরীক্ষা বিষয়ক
ওয়েব সাইটঃ www.nubd.info/mf
ই-মেইলঃ mf@nubd.info

১। আবেদন ফরম পূরণ, বিবরণী ফরম জমাদানের সময়সূচী/ নিয়মাবলী ঃ

ক)	আবেদনকারী পরীক্ষার্থীদের On-line-এ আবেদন ফরম ডাউনলোড করার সময়সীমাঃ	১১/১২/২০১৬ হতে ০৯/০১/২০১৭
খ)	আবেদন ফরম কলেজ কর্তৃক নিশ্চয়নের শেষ তারিখঃ	১০/০১/২০১৭
গ)	Pay slip সংগ্রহঃ (বিস্তারিত- ১০(খ ও গ) দ্রষ্টব্য)	১১/০১/২০১৭ হতে ১২/০১/২০১৭
ঘ)	উল্লিখিত তারিখ সমূহে আবেদন ফরম পূরণকৃত পরীক্ষার্থীদের অন-লাইনে এন্ট্রিকৃত বিবরণী ফরম, হিসাব বিবরণী ফরম এবং টার্মপেপার/ইনকোর্স নম্বরের মূল ম্যানুয়াল কপি ও প্রিন্ট কপির ০১ (এক) কপি বিষয়ওয়ারী আলাদাভাবে সিলগালা করে বিশ্ববিদ্যালয়ে/স্ব-স্ব আঞ্চলিক কেন্দ্রে জমাদানের শেষ তারিখঃ	১৯/০১/২০১৭

২। ২০১৩-২০১৪ শিক্ষাবর্ষের মাস্টার্স শেষ পর্ব পরীক্ষার এম.মিউজ, লাইব্রেরী সায়েন্স এবং আইসিটি ব্যতীত পুনঃনির্ধারিত ফিঃ

ক্রম	বিবরণ	নির্ধারিত ফি	ক্রম	বিবরণ	নির্ধারিত ফি
ক.	তত্ত্বীয় ফি (প্রতি পূর্ণ পত্র)	২৫০/-	জ.	টার্মপেপার ফি (প্রতি পরীক্ষার্থীর জন্য)- i) বিশ্ববিদ্যালয়ে জমা হবে- ১০০/- ii) কলেজে জমা হবে- ১৫০/-	২৫০/-
খ.	তত্ত্বীয় ফি (প্রতি অর্ধ পত্র)	১৫০/-	ঝ.	ইনকোর্স পরীক্ষার ফি (প্রতি পরীক্ষার্থীর জন্য)- i) বিশ্ববিদ্যালয়ে জমা হবে- ১০০/- ii) কলেজে জমা হবে- ২০০/-	৩০০/-
গ.	ব্যবহারিক পরীক্ষার ফি	২৫০/-	ঞ.	থিসিস ফি	১,৫০০/-
ঘ.	মৌখিক পরীক্ষার ফি	২৫০/-	ট.	সাময়িক সনদ (প্রতি নিয়মিত পরীক্ষার্থী) ফি	৩০০/-
ঙ.	কেন্দ্র ফি- তত্ত্বীয় (প্রতি পরীক্ষার্থী-কেন্দ্র-৩০০/- এবং কলেজ-১৫০/-)	৪৫০/-	ঠ.	নম্বরপত্র (প্রতি নিয়মিত পরীক্ষার্থী) ফি	৩০০/-
চ.	কেন্দ্র ফি- ব্যবহারিক (কলেজে জমা হবে)	১২০/-			
ছ.	সমাজকর্ম বিষয়ের মাঠকর্ম ফি (প্রতি পরীক্ষার্থীর জন্য)				১,০০০/-

২০১৩-২০১৪ শিক্ষাবর্ষের মাস্টার্স শেষ পর্ব পরীক্ষার ফি (প্রতি পরীক্ষার্থী)ঃ

ক্রম	বিবরণ	মোট ফি
ক.	এমএ/এমএসএস/এমবিএ (নিয়মিত ও প্রাইভেট) সকল পত্রে অংশগ্রহণকারী পরীক্ষার্থীর ক্ষেত্রে-	২,৮০০/-
খ.	**এমএসসি (নিয়মিত) সকল পত্রে অংশগ্রহণকারী পরীক্ষার্থীর ক্ষেত্রে**	**২,৯৫০/-**
গ.	এম.মিউজ পরীক্ষায় অংশগ্রহণকারী পরীক্ষার্থীর ক্ষেত্রে	৩,৫২০/-(নির্ধারিত)
ঘ.	লাইব্রেরী সায়েন্স বিষয়ে অংশগ্রহণকারী পরীক্ষার্থীর ক্ষেত্রে	২,৫৫০/-(নির্ধারিত)
ঙ.	থিসিস ফি (প্রযোজ্য ক্ষেত্রে)	১,৫০০/-
চ.	আইসিটি ফি (প্রযোজ্য ক্ষেত্রে)	৭০০/-(নির্ধারিত)

বিঃ দ্রঃ- নির্ধারিত সময়ের পরে জরিমানার মাধ্যমে ফরম পূরণের সুযোগ থাকবে না।

** কেন্দ্র ফি হিসেবে আদায়কৃত মোট অর্থের পরীক্ষার্থী প্রতি ১৫০/- টাকা নিজ কলেজের পরীক্ষা সংক্রান্ত খরচের জন্য রেখে পরীক্ষার্থী প্রতি ৩০০/- টাকা হারে নির্ধারিত পরীক্ষা কেন্দ্রের ভারপ্রাপ্ত কর্মকর্তার নিকট রোল/রেজিস্ট্রেশন বিবরণীসহ পরীক্ষা অনুষ্ঠানের ০৩ (তিন) দিন পূর্বেই জমা দিতে হবে।

বিঃ দ্রঃ- (১) আবেদন ফরম পূরণের সময় পরীক্ষার্থীর টার্মপেপার/ইনকোর্স পরীক্ষায় প্রাপ্ত নম্বরের মূল ম্যানুয়াল কপি থেকে অন-লাইনে রেজিস্ট্রেশন নম্বরের বিপরীতে এন্ট্রি করার পর প্রিন্ট কপি মূল ম্যানুয়াল কপির সাথে যাচাই করে বিভাগীয় প্রধান ও অধ্যক্ষ কর্তৃক স্বাক্ষরিত হবার পর মূল ম্যানুয়াল ও প্রিন্ট কপিগুলো বিষয় ওয়ারী আলাদা খামে সিলগালা করে বিবরণী জমা দেয়ার সময়ই উপ-পরীক্ষা নিয়ন্ত্রক, মাস্টার্স শেষ পর্ব শাখায়/স্ব-স্ব আঞ্চলিক কেন্দ্রে হাতে হাতে জমা দিতে হবে এবং ফটোকপি কলেজে সংরক্ষণ করতে হবে। মূল ম্যানুয়াল কপির বাইরে কোন নম্বর গ্রহণ করা হবে না।

(২) মৌখিক/ ব্যবহারিক/ মাঠকর্ম/ থিসিস/ মনোগ্রাফ পত্রের নম্বরসমূহ প্রেরণের নির্দেশনা পরবর্তীতে জানানো হবে।

(৩) রেজিঃ কার্ড ও প্রবেশপত্রে উল্লিখিত পত্রকোড ব্যতীত অন্য কোন পত্রকোডে পরীক্ষায় অংশ গ্রহণ করলে পরীক্ষার ফলাফল প্রকাশ করা হবে না। এমনকি পরীক্ষার পরে রেজিঃ কার্ড ও প্রবেশপত্রে পত্রকোড সংশোধন করা যাবে না।

৩। পরীক্ষায় অংশগ্রহণের প্রয়োজনীয় শর্তাবলী ঃ
২০১৩-২০১৪ শিক্ষাবর্ষে মাস্টার্স শেষ পর্ব পরীক্ষার জন্য বিধি সম্মতভাবে জাতীয় বিশ্ববিদ্যালয়ে নিবন্ধিত নিয়মিত ও প্রাইভেট শিক্ষার্থী।

৪। ২০১৩-২০১৪ শিক্ষাবর্ষের ICT সহ এমএ/এমএসএস/এমবিএ/এমএসসি/এম মিউজ শেষ পর্ব পরীক্ষায় জাতীয় বিশ্ববিদ্যালয় কর্তৃক ২০১৩-২০১৪ শিক্ষাবর্ষে প্রণীত সিলেবাস ও রেগুলেশন অনুযায়ী পরীক্ষা অনুষ্ঠিত হবে।

৫। মৌখিক পরীক্ষা প্রয়োজনীয় শর্তাবলী ঃ

(ক) তত্ত্বীয়, ব্যবহারিক ও মৌখিক সকল পরীক্ষকের তালিকা বিশ্ববিদ্যালয়ের শিক্ষক ডাটা বেইজ (TMIS) হতে নির্ধারণ করা হবে। মৌখিক/ব্যবহারিক পরীক্ষা জাতীয় বিশ্ববিদ্যালয়ের মনোনীত প্রতিনিধি ছাড়া গ্রহণ করা যাবে না। এরূপ পরীক্ষা গ্রহণের জন্য মনোনিত কোন শিক্ষক দায়িত্ব পালন না করলে বা করতে ব্যর্থ হলে পরীক্ষা নিয়ন্ত্রকের পূর্বানুমতি গ্রহণপূর্বক নিকটবর্তী কোন কলেজ হতে একজন উপযুক্ত শিক্ষককে দিয়ে পরীক্ষা গ্রহণের ব্যবস্থা করা যাবে এবং সঙ্গে সঙ্গে বিষয়টি লিখিতভাবে পরীক্ষা নিয়ন্ত্রককে অবহিত করতে হবে। বিশ্ববিদ্যালয়ের পূর্বানুমতি ছাড়া অন্য কোন শিক্ষককে দিয়ে পরীক্ষা গ্রহণ করা যাবে না। **প্রতিদিন অনধিক ৪০ (চল্লিশ) জন পরীক্ষার্থীর ব্যবহারিক/মৌখিক পরীক্ষা গ্রহণ করা যাবে।**

(খ) উপযুক্ত কারণবশত: একজন শিক্ষার্থী যদি মৌখিক পরীক্ষায় অংশ গ্রহণে ব্যর্থ হয় সংশ্লিষ্ট পরীক্ষার ফলাফল প্রকাশের পূর্বে বিশেষ বিবেচনায় মৌখিক পরীক্ষায় অংশ গ্রহণের সুযোগ পাবে। সে ক্ষেত্রে পরীক্ষার্থীকে মৌখিক পরীক্ষা অনুষ্ঠানের যাবতীয় খরচ বিশ্ববিদ্যালের কর্তৃপক্ষের নির্ধারিত হারে বহন করতে হবে।

(গ) মৌখিক পরীক্ষায় উত্তীর্ণ হতে ব্যর্থ হলে একজন শিক্ষার্থী শুধুমাত্র একবার পরবর্তী শিক্ষাবর্ষের পরীক্ষার্থীদের সাথে মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের সুযোগ পাবে।

(ঘ) মৌখিক/ব্যবহারিক পরীক্ষা শেষ হওয়ার সাথে সাথে সংশ্লিষ্ট কর্তৃপক্ষ মৌখিক/ব্যবহারিক পরীক্ষার নম্বর কেন্দ্র হতে অন-লাইনে বিশ্ববিদ্যালয়ে প্রেরণ করবেন এবং এর একটি কপি অধ্যক্ষের নিজ দায়িত্বে গোপনীয়ভাবে সংরক্ষণ করবেন।

(ঙ) সকল পরীক্ষার্থীদের (নিয়মিত ও প্রাইভেট) ক্ষেত্রে রেজিস্ট্রেশন নম্বর প্রাপ্তির পর কলেজের সংশ্লিষ্ট বিভাগ ২০% নম্বরের একটি ইন-কোর্স পরীক্ষা গ্রহণ করে প্রাপ্ত নম্বর ও নিয়মিত পরীক্ষার্থীদের টার্মপেপার নম্বর রেজিস্ট্রেশন নম্বরের বিপরীতে অন-লাইনে এন্ট্রি করতে হবে। এক কপি নম্বরপত্র সংরক্ষণ করে এক কপি ফরম পূরণের বিবরণী ও ফি জমাদানের স্লিপের সাথে জমা দিতে হবে।

প্রাইভেট শিক্ষার্থীদের সিলেবাসে উল্লেখিত ০২ ক্রেডিটের টার্মপেপার ও ০২ ক্রেডিটের মৌখিক পরীক্ষার পরিবর্তে ০৪ (চার) ক্রেডিটের মৌখিক পরীক্ষায় অংশগ্রহণ করতে হবে।

৬। আবেদন ফরম, বিবরণী ফরম ও ফি জমাদান ফরম সংগ্রহ ঃ

জাতীয় বিশ্ববিদ্যালয়ের ওয়েব সাইট থেকে ফরম পূরণের আবেদন ফরম, সম্ভাব্য পরীক্ষার্থীদের তালিকা (Probable List), On-line-এ ডাটা নিশ্চয়ন করার পর বিষয়ওয়ারী পরীক্ষার্থীদের বিবরণী ফরম ও ফি জমাদান ফরম সংগ্রহ/প্রিন্ট করা যাবে।

৭। অনলাইনে আবেদন ফরম পূরণের নিয়মাবলী (পরীক্ষার্থীদের জন্য) ঃ

ক) আবেদনকারীকে নিজ দায়িত্বে বিশ্ববিদ্যালয়ের উল্লিখিত ওয়েবসাইট-এ প্রবেশ করে নিজের রেজিষ্ট্রেশন নম্বর দিয়ে ও ওয়েবসাইটের নির্দেশনা অনুযায়ী ফরম পূরণের আবেদন করতে হবে। আবেদন ফরম পূরণ প্রক্রিয়া সম্পন্ন হলে, অনলাইন থেকে একটি আবেদন ফরম প্রিন্ট করে নিতে হবে। পূরণকৃত ফরমটিতে পরীক্ষার্থীর বিষয়কোড এবং ফি উল্লেখ থাকবে। ফিসহ প্রিন্টকৃত কপি আবেদনকারীকে কলেজ কর্তৃক নির্ধারিত ডেস্কে জমা দিতে হবে।

খ) আবেদনকারীকে সদ্য তোলা পাসপোর্ট সাইজের ২ কপি ছবি আবেদন পত্রের সঙ্গে সংযুক্ত করে দিতে হবে।

৮। কলেজের জন্য করণীয়ঃ-

ক) পরীক্ষার্থীদের ডাটা বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইটে সরাসরি Online-এ সঠিক এন্ট্রি করা হয়েছে কি-না তা সম্ভাব্য পরীক্ষার্থীদের তালিকা (Probable List)-এর সাথে যাচাই পূর্বক যথাযথ নিশ্চিত হয়ে জমাকৃত আবেদনগুলিকে বিশ্ববিদ্যালয়ের উল্লিখিত ওয়েবসাইটে College Log-in-এ প্রবেশ করে নিশ্চয়ন করে বিভাগীয় প্রধান অতঃপর অধ্যক্ষ স্বাক্ষর করবেন। Log-in-এর জন্য ওয়েবসাইটে College Profile- কিংবা সংশ্লিষ্ট শাখা থেকে User ID & Password সংগ্রহ করা যাবে।

খ) প্রত্যেক পরীক্ষার্থীর সদ্য তোলা ০২ (দুই) কপি পাসপোর্ট সাইজের ছবি (সত্যায়িত) এর ০১ (এক) কপি অনলাইনে প্রিন্টকৃত আবেদন ফরমের নির্ধারিত স্থানে আইকা আঠা দ্বারা সংযোজন করতে হবে এবং অপর ০১ (এক) কপি ছবি স্ব-স্ব বিভাগে সংরক্ষণ করবেন। বিশ্ববিদ্যালয় থেকে প্রবেশপত্র সরবরাহের পর নির্দিষ্ট স্থানে আঠা দিয়ে ছবি লাগিয়ে তার উপর অধ্যক্ষ কর্তৃক সত্যায়নের পর প্রবেশপত্র বিতরণ করতে হবে।

গ) **পরীক্ষার্থী কর্তৃক অন-লাইনে ফরম পূরণকৃত আবেদন কলেজে জমা দিলে কলেজ উক্ত পরীক্ষার্থীর টার্মপেপার, ইনকোর্স (প্রযোজ্য ক্ষেত্রে) নম্বরসহ অন-লাইনে নিশ্চয়ন করবেন। শুধু কলেজ কর্তৃক অন-লাইনে নিশ্চয়নকৃত পরীক্ষার্থীদের প্রবেশপত্র ইস্যু করা হবে। নিশ্চয়ন সম্পন্ন হলে On-line এ পরীক্ষার্থীদের বিবরণী প্রিন্ট করতে হবে।**

ঘ) **মার্স্টাস শেষ পর্ব বিষয়ক বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইট যথাসময়ে চালু হবে এবং ডাটা এন্ট্রির জন্য বিজ্ঞপ্তিতে উল্লিখিত নির্ধারিত সময়ের পর স্বয়ংক্রিয়ভাবে কার্যক্রম বন্ধ হয়ে যাবে। বিধায় যথাসময়ে কলেজকে ডাটা এন্ট্রি সম্পন্ন করতে হবে।**

ঙ) **টার্মপেপার, ইনকোর্স ও মাঠকর্ম পরীক্ষার নম্বর অন-লাইনে এন্ট্রি করার সময় কোন প্রকার ভুল হলে সঙ্গে সঙ্গে উপ-পরীক্ষা নিয়ন্ত্রক, মার্স্টাস শেষ পর্ব শাখা বরাবর লিখিতভাবে জানাতে হবে। ভুল সংশোধনের ক্ষেত্রে মূল ম্যানুয়াল নম্বরকে (বিভাগীয় প্রধান ও অধ্যক্ষ কর্তৃক স্বাক্ষরিত) ভিত্তি হিসাবে ধরা হবে।**

৯। বিবরণী ফরম জমার নিয়মাবলী (কলেজের জন্য)ঃ

ক) বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইট থেকে বিষয়ওয়ারী সম্ভাব্য পরীক্ষার্থীদের তালিকা (Probable List) প্রিন্ট করে নিতে হবে। পূরণকৃত ফরম বিষয়ওয়ারী নিয়মিত/প্রাইভেট পরীক্ষার্থীদের বিবরণী ফরম/আবেদন ফরম মোতাবেক বিশ্ববিদ্যালয়ের ওয়েব সাইটে সরাসরি On-line এ ডাটা এন্ট্রি করতে হবে। বিবরণী ফরমের তথ্য সঠিকভাবে এন্ট্রি করার পর প্রিন্ট কপি যাচাই করে এন্ট্রিকৃত বিবরণীর সাথে সংশ্লিষ্ট পরীক্ষার্থী, বিভাগীয় প্রধান ও অধ্যক্ষের স্বাক্ষরের পর মূল কপি বিষয়ওয়ারী আলাদা আলাদা ভাবে বাঁধাই করে জাতীয় বিশ্ববিদ্যালয়ের সংশ্লিষ্ট শাখায়/স্ব-স্ব আঞ্চলিক কেন্দ্রে জমা দিতে হবে এবং এর এক সেট ফটোকপি কলেজে সংরক্ষণ করতে হবে। **ডাকযোগে প্রেরিত বিবরণী ফরম গ্রহণ করা হবে না।**

খ) বিশ্ববিদ্যালয়ের আঞ্চলিক কেন্দ্রসমূহের ঠিকানাঃ

ঢাকা বিভাগের জন্যঃ জাতীয় বিশ্ববিদ্যালয়, গাজীপুর-১৭০৪। ফোনঃ ০২-৯২৯১০৪৭	জাতীয় বিশ্ববিদ্যালয় আঞ্চলিক কেন্দ্র খুলনাঃ বাড়ী # ২২৭, রোড # ০১ কেডিএ আ/এ, খুলনা-৯১০০। ফোন # ০৪১-৭৩১৬৭৩	জাতীয় বিশ্ববিদ্যালয় আঞ্চলিক কেন্দ্র রাজশাহীঃ বাড়ী # ০৫, রোড # ০১, গ্রীন ভিলা পারিজাত আ/এ, ভদ্রা, রাজশাহী। ফোন # ০৭২১-৭৬২১৪১
জাতীয় বিশ্ববিদ্যালয় আঞ্চলিক কেন্দ্র রংপুরঃ বাড়ী # ৩৯০, জিএলরায় রোড কামাল কাছনা, রংপুর-৫৪০০। ফোন # ০৫২১-৫৬০১৫	জাতীয় বিশ্ববিদ্যালয় আঞ্চলিক কেন্দ্র চট্টগ্রামঃ এপিক গোল্ডেন ক্যাসকেড ইস্পাহানি পার্ক রোড, দক্ষিণ খুলসি, চট্টগ্রাম। মোবাইল # ০১৭১১-২২০৪৪১, ০১৭১৪৫৩৩২৫৮	জাতীয় বিশ্ববিদ্যালয় আঞ্চলিক কেন্দ্র বরিশালঃ হোল্ডিং # ১০০০, ওয়ার্ড # ১২ মেডিকেল কলেজ লেন, দক্ষিণ আলেকান্দা, বরিশাল ফোন # ০৪৩১-৬১১৬৮ মোবাইল- ০১৭১৫-৫৭৭৭০৫
জাতীয় বিশ্ববিদ্যালয় আঞ্চলিক কেন্দ্র সিলেটঃ আহাদ ভিলা, পাঠানটুলি পয়েন্ট, সিলেট। ফোন # ০৮২১-৭২৯১০২		